

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

এ বিজ্ঞপ্তি কেবলমাত্র ওয়েব  
সাইট ও ফেসবুকে প্রকাশ  
করা হবে, হাতে হাতে/  
ডাকযোগে প্রেরণ করা হবে না

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৭/২৯৭

তারিখঃ ০৯ মে ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের Student Registration এর সময় বর্ধিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৭/১৮৮, তারিখঃ ৩০/০৩/২০১৭খ্রিঃ

এতদ্বারা বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধিভুক্ত সকল নার্সিং, মিডওয়াইফারি ও সহযোগী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত বিজ্ঞপ্তি মোতাবেক ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিবন্ধন (Student Registration) অনলাইনে পূরনের শেষ তারিখ ৩০ এপ্রিল ২০১৭খ্রিঃ নির্ধারিত ছিল। নির্ধারিত তারিখের মধ্যে যে সকল প্রতিষ্ঠান অনলাইনে Student Registration Entry করতে পারেননি, তাদেরকে পরবর্তীতে নির্ধারিত সময়ের মধ্যে Student Registration সম্পন্ন করতে হবে।

এখনও যে সকল প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অনলাইনে Student Registration Entry করেননি তাদের আবেদনের প্রেক্ষিতে Entry সম্পন্ন করার জন্য পুনরায় ২০ মে ২০১৭খ্রিঃ শনিবার রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত সময় বর্ধিত করা হলো।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন নং-৯৫৬৪১৫৯

ই-মেইলঃ info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৭/২৯৭/১(৫০)

তারিখঃ ০৯/০৫/২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যসম্পাদনের জন্যঃ

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট . . . . .
৪. অধ্যক্ষ/ ইনচার্জ, মিডওয়াইফারি ইনস্টিটিউট . . . . .
৫. জনাব/ বেগম . . . . .
৬. হিসাব শাখা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৭. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (আই.টি সহায়তার জন্য ০১৭৩৮-০৩০ ১৫৩)।



রেজিস্ট্রার

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৭/১৮৮

তারিখঃ ৩০ মার্চ ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী নিবন্ধন (Student Registration) প্রসঙ্গে।**

এতদ্বারা বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধিভুক্ত সকল নার্সিং, মিডওয়াইফারি ও সহযোগী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত বছরের ন্যায় চলতি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিবন্ধন (Student Registration) অনলাইনে ৩০ এপ্রিল ২০১৭খ্রিঃ মধ্যে পূরণ করতে হবে।

উক্ত কার্যসম্পাদনের জন্য কর্তৃপক্ষ কাউন্সিলের ওয়েব সাইট ([http://www.bnmc.gov.bd/Format\\_and\\_Forms.html](http://www.bnmc.gov.bd/Format_and_Forms.html)) হতে Form সংগ্রহ করে ক্লাস টিচারের তত্ত্বাবধানে ছাত্র-ছাত্রীরা নিজ হাতে যথাযথভাবে ফরম পূরণ করে নিবেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত ফরমে লিখিত তথ্যানুযায়ী স্ব-স্ব প্রতিষ্ঠানের User ID এবং Password এর মাধ্যমে <http://bnmdb.bnmc.gov.bd> অনলাইনে যথাযথভাবে ফরম পূরণ করে Submit দিতে হবে। ফরম পূরণের সময় কোন তথ্য/বানান ভুল হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/মূল ফরম পূরণকারি দায়ী থাকবেন, বিধায় সংশোধনের জন্য নির্ধারিত ফি প্রদান করতঃ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

Student Registration Fee বাবদ জনপ্রতি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে সকলের ফি-একত্রে “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে একটি “ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার” প্রেরণ করতে হবে।

ফরমসমূহ অনলাইনে পূরণের পরপরই প্রয়োজনীয় কাগজপত্র (ভেরিফিকেশনসহ) ৪ (চার) পাতা সংযুক্ত করে তালিকাসহ অগ্রবর্তী পত্র (Forwarding) এর সাথে (ফরমের হার্ডকপি) প্রেরণ করতে হবে। নতুন প্রতিষ্ঠানের অবগতির জন্য অনলাইনে ফরম পূরণের (Guideline/নির্দেশিকা) কাউন্সিলের ওয়েবসাইট হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন নং-৯৫৬৪১৫৯

ই-মেইলঃ [info@bnmc.gov.bd](mailto:info@bnmc.gov.bd)

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৭/১৮৮/১(২০০)

তারিখঃ ৩০/০৩/২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যসম্পাদনের জন্যঃ

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট . . . . .
৪. অধ্যক্ষ/ ইনচার্জ, মিডওয়াইফারি ইনস্টিটিউট . . . . .
৫. জনাব/ বেগম . . . . .
৬. হিসাব শাখা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৭. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (আই.টি সহায়তার জন্য ০১৭৩৮-০৩০ ১৫৩)।



রেজিস্ট্রার